# ৪৯তম জাতীয় সমবায় দিবস ২০২০ এর ০৭/১১/২০২০ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি: ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
স্থান: সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ
তারিখ: ১৯/০১/২০২৩খ্রি.
সময়: সকাল ১০:০০ টায়

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। ৪৯তম জাতীয় সমবায় দিবস ২০২০ এর ০৭/১১/২০২০ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের ০৬টি নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ১৭/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ | বিগত ১৭/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-৩২৭/১(৫০)স/মৃ, তারিখ: ১২/১২/২০২২ খ্রি. মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণী দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ১৭/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ | সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান অনগ্রসর ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের কাজ সম্পন্ন করে বিগত ১৫/০১/২০২৩ খ্রি. তারিখে পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। | (ক) প্রস্তাবিত "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি এর বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা। |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | সভায় প্রতিটি বিভাগে ১টি করে বেদে ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীদের নিয়ে সমবায় সমিতি গঠন এবং প্রয়োজনে কোন জেলায় যদি বেদে ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী বেশী পরিমাণে থাকে সেক্ষেত্রে উক্ত জেলায় একের অধিক সমবায় সমিতি গঠন করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অনগ্রসর হিসেবে দলিতদের নিয়ে সমবায় সমিতি গঠন বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অনগ্রসর বেদে, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | (খ) প্রতিটি বিভাগে কমপক্ষে ১টি করে বেদে, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়কে নিয়ে পৃথক পৃথক সমবায় সমিতি গঠন করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান হিজড়া এবং বেদে সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে সমবায়ের মাধ্যমে কার্যক্রম/প্রকল্প গ্রহণে সহায়ক বিস্তারিত তথ্যের জন্য সমাজসেবা অধিদপ্তর বরাবর হিজড়া ও বেদে সম্প্রদায়ের বিষয়ে তথ্য প্রেরণের জন্য বিগত ২৯/১২/২০২২ তারিখে স্মারক নম্বর ৪৭.৬১.০০০০.০৪৯.১৮.০০৪.২২.১৪১ মূলে পত্র প্রেরণ করা হয়েছে। অনগ্রসর বেদে, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে ছোট প্রকল্প গ্রহণ করা সম্ভব মর্মে সভাকে অবহিত করেন। | (গ) অনগ্রসর বেদে, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে একটি প্রকল্প সভার তারিখ হতে পরবর্তী ১৫ দিনের মধ্যে গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান “বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি” প্রকল্পটির ডিপিপি পুনর্গঠন সম্পন্ন করে বিগত ২৪/১১/২০২২ তারিখে স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৪৯.১৪.০০৩.২২.১৭৭ মোতাবেক সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | (ঘ) “বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি” শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি এর বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, বরিশাল জানান ফ্যামিলি ওয়েলফেয়ার এবং সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ নামে দুইটি সমাপ্ত প্রকল্পে সীমিত পরিমাণ আবর্তক তহবিল বিভিন্ন জেলা, উপজেলা সমবায় কার্যালয়গুলোতে সংশ্লিষ্ট হিসাব নম্বরে রয়েছে। এই হিসাবের তহবিলগুলো যদি একত্র করে কোন একটি বিভাগ বা জেলায় দেয়া হয়, সেক্ষেত্রে এ তহবিলের সঠিক ব্যবহার সম্ভব হবে। | (ঙ) “ফ্যামিলি ওয়েলফেয়ার এন্ড ইনকাম জেনারেশন একটিভিটিজ থ্রো দ্যা রুরাল কো-অপারেটিভস ইন বাংলাদেশ” এবং “সমবায় অধিদপ্তরকে শক্তিশালী করণ এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন কর্মসূচী” সমাপ্ত প্রকল্প দুইটিতে কত টাকা রয়েছে এবং কি অবস্থায় রয়েছে, তা নির্ণয়পূর্বক উৎপাদনমুখী শিল্প শাখায় আগামী ১৫ দিনের মধ্যে প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল) |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩. | সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা সভায় জানান দুই মাস মেয়াদি একটি প্রশিক্ষণ কোর্স স্থগিত রেখে, উক্ত প্রশিক্ষণের ব্যয় দিয়ে নারী সমবায়ীদের ৫টি প্রশিক্ষণের আয়োজনের লক্ষ্যে ইতোমধ্যে সমবায় অধিদপ্তরের ইপিপি শাখায় প্রয়োজনীয় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রস্তাব অনুমোদিত হলে নারী সমবায়ীদের নিয়ে ৫টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা সম্ভব হবে। এতে করে অতিরিক্ত বাজেটের কোন প্রয়োজন হবেনা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) বাংলাদেশ সমবায় একাডেমি থেকে নারী সমবায়ীদের ৫টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে প্রেরিত প্রস্তাব দ্রুত অনুমোদন প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন" প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির বিষয়ে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্ত এবং পদ/জনবল নির্ধারণ বিষয়ক আন্ত:মন্ত্রণালয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ১০/০১/২০২৩ খ্রি. তারিখে, স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৪৯.১৪.০০৬.২১.১২ মোতাবেক সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি এর বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| | | উপনিবন্ধক (গৃহায়ণ, মহিলা ও বিশেষ দল) সভায় জানান ২০০টি উপজেলায় ২০০টি "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লি:" নামে সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির সদস্যদের ভ্রাম্যমাণ প্রশিক্ষণগুলোতে সম্পৃক্ত করতে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (গ) বাংলাদেশ সমবায় একাডেমি ও বাংলাদেশ আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সগুলোতে "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লি: এর ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অগ্রাধিকারভিত্তিতে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৪. | আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান "বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা" পাইলট শীর্ষক প্রকল্পটি ৪৯৯৩.৯০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে ৩৪৮৪.০০ লক্ষ (রাজস্ব বাবদ ১৯৫২.০০ লক্ষ ও মুলধন বাবদ ১৫৩২.০০ লক্ষ) টাকা (বি ক্যাটাগরির প্রকল্প বিধায় মোট বরাদ্দের ৭৫% অর্থাৎ ২৬৯৩.০০ লক্ষ) বরাদ্দ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১৩০৬.৫০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। চলতি অর্থবছরের ডিসেম্বর/২০২২ মাস পর্যন্ত ৩৮২.৬৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ১১%। সমবায়ীদের প্রশিক্ষণ এবং তাদের মাঝে ঋণ কার্যক্রম বাবদ এ অর্থ ব্যয় করা হয়েছে। | (ক) "বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা" শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। আইলবিহীন চাষাবাদ বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান "বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা" শীর্ষক পাইলট প্রকল্পের আওতায় তিনটি জায়গা আইলবিহীন চাষাবাদের জন্য বিবেচনায় আনা হয়েছে। সেগুলো হচ্ছে রংপুর জেলার মিঠাপুকুর উপজেলা, বরিশাল জেলার মুলাদী উপজেলা এবং জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা। আইলবিহীন চাষাবাদের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করা হচ্ছে। বার্ড এবং আরডিএ এ ধরনের প্রজেক্ট গ্রহণ করেছে।<br><br>বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম হতে কুমিল্লা জেলার 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি বিষয়ে ০১টি পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রতিবেদনটি পর্যালোচনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) যে সকল সমবায় সমিতির সদস্যরা আইলবিহীন চাষাবাদে আগ্রহী তাদের নিয়ে একটি প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি বিষয়ে পরিদর্শন প্রতিবেদনটি পর্যালোচনাপূর্বক বিস্তারিত আগামী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর<br><br>-ঐ- |
| ০৫. | পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসার **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটি জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে ১৫৬৬৮.২৪ লক্ষ টাকা ব্যয়ে গত ১৯/০৪/২০২২ খ্রি. তারিখ একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে ২৩/১০/২০২২ খ্রি. তারিখ পল্লী উন্নয়ন সমবায় বিভাগ কর্তৃক অনুমোদনের প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এর কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | (ক) "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ সম্পন্ন হলে পরবর্তী কার্যক্রম দুত গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর, ঢাকা। |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়” প্রকল্পটির প্রকল্প ব্যয় বিবেচনায় পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক নিরপেক্ষ প্রতিষ্ঠানের মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাথে যোগাযোগ করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত বিভাগ হতে সম্ভাব্যতা সমীক্ষার প্রাথমিক প্রস্তাব ও আনুমানিক ব্যয়ের বাজেট পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের ব্যয় সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) হতে নির্বাহের জন্য অনুমতি প্রদানের জন্য বিগত ২৯/১২/২০২২ খ্রি. তারিখে, স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৪৯.১৪.০০৪.২২.১৯০ মোতাবেক সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | (খ) “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়” প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের ব্যয় সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) হতে নির্বাহের জন্য অনুমতি গ্রহণ বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| ০৬. | উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | **পরিকল্পনা ও উন্নয়ন শাখা**<br>“সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন” শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ‘Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives’ শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাবটির অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | (ক) “সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন” শীর্ষক প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ‘Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives’ শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাবটির অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| ০৭. | স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর সভাকে জানান এ বিষয়ে সমিতি ব্যবস্থাপনা শাখার যুগ্মনিবন্ধকগণ, অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) এবং অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফিইন্যান্স) এর সমন্বয়ে একটি কমিটি গঠিত হয়েছে। গঠিত কমিটি এ বিষয়ে সভা করেছেন। কমিটির কার্যক্রম চলমান রয়েছে এবং আগামী মাসে একটি ওয়ার্কশপ করার পরিকল্পনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ কমিটির সাচিবিক সহযোগিতা প্রদান করার জন্য সেবা শিল্প শাখাকে দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | (ক) সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক একটি ওয়ার্কশপ করত: গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৮. | বিবিধ | বিগত ০৫/১১/২০২২ খ্রি. তারিখে ৫১তম জাতীয় সমবায় দিবস ২০২২ এ মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়গুলো চিহ্নিত করে আগামী সভায় এজেন্ডা হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ৫১তম জাতীয় সমবায় দিবস ২০২২ এ মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়গুলো চিহ্নিত করে আগামী ১৫ দিনের মধ্যে সমন্বয় ও কর্মমূল্যায়ন শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত নিবন্ধক (সকল), যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), (ইপিপি) ও (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/০২/২০২৩

ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৩.২৩- ০৭ (৫০) স/মূ; তারিখঃ ০৬/০২/২০২৩ খ্রিঃ

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ</u>

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)............................................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।

০৪। যুগ্ম-নিবন্ধক (সকল)........................................................., সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

০৬। উপ-নিবন্ধক (সকল) ........................................................... সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৭। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ (সকল)...................... সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৮। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৬/০২/২০২৩

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।